রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ২০ ভাদ্র ১৪১২ /৪ সেপ্টেম্বর ২০০৫

এস, আর, ও নং ২৭১-আইন/২০০৫।—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ২০০৩—২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশ এর পরিশিষ্ট-১ এর 'নিয়ন্ত্রিত পণ্যের তালিকা' শিরোনামাধীন এর কলাম-১ এ উল্লিখিত এইচ এস হেডিং নম্বর ৮৭.০৮ এর বিপরীতে কলাম (৩) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"মোটরযানে ব্যবহৃত নিম্নবর্ণিত যন্ত্রাংশসমূহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আমদানি করা যাইবে, যথা ঃ—

(ক) বডি যন্ত্রাংশ ঃ

(১) বাম্পার;

(২) ফ্রন্ট গ্রিল;

(৩) ডোর এসেম্বলি;

(৪) উইন্ডশিল্ড/উইন্ডশিল্ড গ্লাস;

(৫) মিররস;

(৬) রেডিয়েটরস এসেম্বলি;



মূল্য ঃ টাকা ২.০০

(৭) লাইটস্/লেন্স;

(৮) ড্যাশ বোর্ড এসেম্বলি;

(৯) বোনেট এসেম্বলি;

(১০) ফেন্ডার এসেম্বলি;

(১১) ডোর মিরর এসেম্বলি;

(১২) সিটস (Seats);

(১৩) রিয়ার মাডগার্ড এসেম্বলি;

(১৪) কেবিন এসেম্বলি/বডিস (Bodies);

(১৫) হেড লাইটস (বাল্ব ব্যতিত);

(১৬) টেইল ল্যাম্পস (বাল্ব ব্যতিত);

(১৭) সাইড লাইটস এসেম্বলি;

(১৮) ওয়্যারিং সেট;

(১৯) ইএফআই কন্ট্রোল ইউনিট;

(২০) স্টার্টার;

(২১) অল্টারনেটর;

(২২) এসি কম্প্রেসর/কন্ডেরসার/কুলিং চেম্বার এসেম্বলি;

(২৩) অন্যান্য রাবার চ্যানেলস এন্ড রাবার মোল্ডিংস।

(খ) আন্ডার টেরেন যন্ত্রাংশ ঃ

(১) পাওয়ার স্টিয়ারিং এসেম্বলি;

(২) সাসপেনশন সক এ্যাবজর্ভারস;

(৩) স্টিয়ারিং হুইলস এসেম্বলি;

(৪) স্টিয়ারিং কলাম এন্ড স্টিয়ারিং বক্সেস;

(৫) ডিফেরেন্সিয়াল এসেম্বলি;

(৬) প্রপেলার শেপট এসেম্বলি;

(৭) এক্সেলস এসেম্বলি;

(৮) ব্রেক ড্রাম এন্ড হাবস ( Hubs) এসেম্বলি;

(৯) ভ্যাকুয়্যাম বুস্টার উইথ ব্রেক মাস্টার পাম্প এসেম্বলি;

(১০) ব্রেক ড্রামস্ এসেম্বলি;

(১১) হুইল সিলিন্ডার এসেম্বলি;

(১২) সাইলেন্সর এন্ড এক্সস্ট পাইপস।

শর্তসমূহ ঃ

(১) বিনিয়োগ বোর্ড ও রেজিস্ট্রার জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক নিবন্ধিত/স্বীকৃত রিপেয়ারিং ও সার্ভিস ইন্ডাস্ট্রি বর্ণিত যন্ত্রাংশ আমদানি করতে পারবে।

(২) বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহৃত মটরযানের যন্ত্রাংশ আমদানিযোগ্য হবে না।

(৩) উল্লিখিত যন্ত্রাংশসমূহ আমদানির ক্ষেত্রে গুণগতমান সম্পর্কে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ার কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সনদপত্র দাখিল করতে হবে।

(৪) বিক্রিত অথবা সংযোজিত যন্ত্রাংশের জন্য বিক্রেতা অথবা সংযোজনকারীকে কমপক্ষে ১ (এক) বছরের লিখিত গ্যারান্টি প্রদান করতে হবে।

(৫) রিপেয়ারিং ও সার্ভিসিং ইন্ডাস্ট্রিকে সংশ্লিষ্ট এলাকার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সদস্য হতে হবে।

(৬) আমদানি সময়ের পূর্ববর্তী ৩ (তিন) বছরের আয়কর প্রদানের সনদপত্র দাখিল করতে হবে।

(৭) সার্ভিস কোয়ালিটি সম্পর্কে ন্যূনতম ISO-৯০০১:২০০০ সনদপত্র থাকতে হবে।

(৮) সংশ্লিষ্ট রিপেয়ারিং ও সার্ভিসিং ইন্ডাস্ট্রিকে আমদানিকৃত ব্যবহৃত যন্ত্রপাতি বিক্রয়ের সঠিক রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে এবং প্রতি তিন মাস অন্তর বিক্রয়ের প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয় ও সিসিআইএন্ডই এর নিকট দাখিল করতে হবে।

(৯) আমদানির পর বাণিজ্য মন্ত্রণালয় আমদানিকৃত যন্ত্রাংশের ব্যবহার সম্পর্কে নিয়মিত মনিটর করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শওকত আলী ওয়ারেছী**
উপ-সচিব (আইআইটি-২)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।